তারিখ ... 12 JAN 2016 ... পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

স্মারক সংখ্যা ঃ রেজি/প্রশা/৬৫২৯

তারিখ ঃ ১০-০১-২০১৬

## "বিশ্ববিদ্যালয় দিবস-২০১৬" উদযাপন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য সিন্ডিকেট সভায় গৃহীত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয় দিবস-২০১৬ এবং এ্যালামনাই ডে মিলন মেলা উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আগামী ১২, ১৩, ১৪ ও ১৫ জানুয়ারি ২০১৬ চারদিনব্যাপী নিম্নরূপ কর্মসূচি গ্রহণ করা হয়েছে ঃ

| তারিখ | সময় ও স্থান | কর্মসূচিসমূহ |
|---|---|---|
| ১২-০১-২০১৬ মঙ্গলবার | সকাল ১০:০০টা | ঃ জাতীয় পতাকা এবং বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন, বিশ্ববিদ্যালয় দিবস ২০১৬ এর শুভ উদ্বোধন ঘোষণা। |
| | স্থান | ঃ বিজনেস স্টাডিজ অনুষদ চত্বর। |
| ১৩-০১-২০১৬ বুধবার | বিকাল ৩:০০টা | ঃ পুতুল নাচ। |
| | বিকাল ৫:০০টা | ঃ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সাংস্কৃতিক সংগঠন ও সাংস্কৃতিক কোটায় ভর্তিকৃত শিক্ষার্থীদের সমন্বয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান। |
| | স্থান | ঃ সেলিম আল দীন মুক্তমঞ্চ। |
| ১৪-০১-২০১৬ বৃহস্পতিবার | বিকাল ৩:০০টা | ঃ পিঠা মেলা (কেন্দ্রীয় খেলার মাঠে বিএনসিসি অফিস সংলগ্ন স্থানে আয়োজন করা হবে। পরদিন সারাদিনব্যাপী পিঠা মেলা চলবে)। |
| | বিকাল ৫:০০টা | ঃ নাটক। |
| | স্থান | ঃ ছাত্র-শিক্ষক কেন্দ্র/সেলিম আল দীন মুক্তমঞ্চ। |
| ১৫-০১-২০১৬ শুক্রবার | সকাল ৯:০০টা হতে দিনব্যাপী | ঃ এ্যালামনাই ডে মিলন মেলা |
| | সকাল ৯-৩০ | আনন্দ শোভাযাত্রা (বিজনেস স্টাডিজ অনুষদ চত্বর থেকে শুরু) |
| | সকাল ১০-৩০ | স্মৃতিচারণ |
| | দুপুর ১-০০ | মধ্যাহ্নভোজ ও নামাজ বিরতি |
| | বিকাল ২-৩০ | ১ম ব্যাচে ভর্তিকৃত শিক্ষার্থীদের সংবর্ধনা র‍্যাফেল ড্র। |
| | সন্ধ্যা ৭-০০ | সাংস্কৃতিক অনুষ্ঠান ফানুস উড়ানো |
| | স্থান | ঃ সেলিম আল দীন মুক্তমঞ্চ। |

**বিশেষ জ্ঞাতব্য ঃ**

১। বিশ্ববিদ্যালয় দিবস-২০১৬ উদযাপন করতে বিশ্ববিদ্যালয়ের বর্তমান ও সাবেক ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং তাঁদের পরিবার পরিজনকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হলো।

২। জাবি স্কুল ও কলেজের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীরা তাদের ব্যান্ডদলসহ ১৫-০১-২০১৬ তারিখে আনন্দ শোভাযাত্রায় অংশগ্রহণ করবেন।

৩। অতিথি পাখিদের অবস্থান নির্বিঘ্ন করার জন্য আনন্দ শোভাযাত্রায় চৌরঙ্গী মোড় হতে বিশ্ববিদ্যালয় শহীদ মিনার পর্যন্ত ড্রাম বাজানো যাবে না।

৪। সকল বিভাগ/হলসমূহ স্ব-স্ব ব্যানার নিয়ে বিভাগের/হলের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীসহ ১৫-০১-২০১৬ তারিখে আনন্দ শোভাযাত্রায় অংশগ্রহণ করবেন।

৫। সকল প্রশাসনিক অফিস প্রধানগণের নেতৃত্বে সংশ্লিষ্ট অফিসার-কর্মচারীগণ ১৫-০১-২০১৬ তারিখে আনন্দ শোভাযাত্রায় অংশগ্রহণ করবেন।

৬। সাবেক ছাত্রছাত্রীদের পরিদর্শনের সুবিধার্থে বিশ্ববিদ্যালয় দিবসে সকল হল অফিস এবং বিভাগ সারাদিন খোলা রাখা হবে।

৭। ১৫-০১-২০১৬ তারিখে বিশ্ববিদ্যালয় দিবস অনুষ্ঠানে অংশগ্রহণের সুবিধার্থে সকালে ঢাকা হতে ৭-৪৫ টায় আগত শিক্ষকদের সকল রুটের গাড়ী যথাযথভাবে ছেড়ে আসবে এবং স্টাফ বাস প্রচলিত রুটে ৬-২৫ টার এর পরিবর্তে সকাল ৭-৪৫ টায় ছেড়ে আসবে।

৮। বিশ্ববিদ্যালয় দিবসে সাবেক ছাত্র-ছাত্রী এবং অতিথিদের অংশগ্রহণের সুবিধার্থে ঐ দিন সকাল ৭-৪৫ টায় নিম্নেবর্ণিত রুটে ৪টি বাস ঢাকা থেকে ছেড়ে ক্যাম্পাসে আসবে। বাসরুট ঃ-

**মিরপুর রুট :** আগারগাঁও মোড়→শেওড়াপাড়া→কাজীপাড়া→মিরপুর-১০→মিরপুর সাড়ে এগারো নম্বর→ দুয়ারীপাড়া→ মিরপুর-৬নং রোড→স্টেডিয়াম মোড়→মিরপুর-২→মিরপুর-১→টেকনিক্যাল →গাবতলী→ ক্যাম্পাস।

**উত্তরা রুট :** মহাখালী ফ্লাই ওভারের নীচ থেকে→গুলশান-১→গুলশান-২→বনানী (কাকলী)→ খিলক্ষেত→ এয়ারপোর্ট→ আজমপুর→ মাস্কটপ্লাজা→আব্দুল্লাহপুর→কামারপাড়া→আশুলিয়া→ক্যাম্পাস।

**মালীবাগ রুট :** বঙ্গবাজার→পল্টন মোড়→বিজয়নগর মোড়→রাজমনি→শান্তিনগর→মালিবাগ মোড় →মৌচাকমোড়→ মগবাজার→ বাংলামটর→ফার্মগেট→আসাদগেট→টেকনিক্যাল→গাবতলী→ক্যাম্পাস।

**জিগাতলা রুট:** বঙ্গবাজার→শাহবাগ→টিএসসি→পলাশী→কাটাবন→সায়েন্স ল্যাব.→ ধানমন্ডি-২ হয়ে জিগাতলা রোড→ ধানমন্ডি-২৭→ আসাদগেট→টেকনিক্যাল→গাবতলী→ক্যাম্পাস। অনুষ্ঠান শেষে একই রুটে বাস ক্যাম্পাস হতে ঢাকায় ফিরে যাবে।

৯। এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী যারা এই বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র নন তারাও রেজিস্ট্রেশন করতে পারবেন।

১০। ১২ জানুয়ারি বিশ্ববিদ্যালয় দিবস অনুষ্ঠানের দিন কোনো বিভাগে পরীক্ষা গ্রহণের পূর্ব ঘোষিত কর্মসূচি থাকলে পরীক্ষা গ্রহণ বিষয়ে স্ব-স্ব বিভাগ সিদ্ধান্ত গ্রহণ করবে।

PF-1075-51/16 (10x3)

স্বাক্ষর/- আবু বকর সিদ্দিক
রেজিস্ট্রার